



# যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়

বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

আমাদের বৌদ্ধ প্রতিবেশীদের জন্য প্রার্থনায় সমগ্র বিশ্বের খ্রিস্টানদের সঙ্গে যোগ দিন



110 Cities





## যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়

বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

### সুস্বাগতম

“আমার কাছে প্রার্থনা করো, এবং আমি দেশগুলিকে তোমার অধিকারে রাখব, পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তোমার অধিকারে রাখবো।” — সাম ২:৮

প্রাচীনকাল থেকেই, ঈশ্বর প্রার্থনাকারী মানুষের মধ্যে দিয়েই তাঁর লক্ষ্যকে এগিয়ে নিয়ে গেছেন। প্রার্থনা কোন সহায়ক কার্যকলাপ নয় — এটা হল ইঞ্জিন যা আগে চলে, হৃদয় প্রস্তুত করে, দরজা খুলে দেয় এবং জাতিগুলির মধ্যে ঈশ্বরের উদ্দেশ্য প্রকাশ করে। যেখানেই প্রার্থনা নিয়মিত হয়ে ওঠে, সেখানেই আলো উদ্ভাসিত হতে শুরু করে। এই গাইডটি আপনাকে সেই পবিত্র মিলনস্থলে দাঁড়াতে আমন্ত্রণ জানায় যেখানে প্রার্থনা ও কাজ এক হয়ে যায় — **যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়ে ওঠে!**

সাম্প্রতিক বছরগুলিতে, বাইবেলের অনুবাদ, ডিজিটাল ব্যবস্থা এবং স্থানীয় প্রত্যক্ষদর্শীর বৃদ্ধির মাধ্যমে আশাব্যঞ্জক অগ্রগতি এসেছে। তবুও বৌদ্ধ বিশ্ব আমাদের সময়ের অন্যতম বৃহৎ সুসমাচার প্রচারের প্রান্তসীমায় দাঁড়িয়ে আছে। প্রায় ৫০ কোটি মানুষ বৌদ্ধ হিসেবে নিজেদের পরিচয় দেয় এবং এই বিশাল আধ্যাত্মিক প্রেক্ষাপটে বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর প্রায় তিন-চতুর্থাংশ মানুষ এখনও অপ্রাপ্ত, যাদের সুসমাচার, ধর্মগ্রন্থ বা স্থানীয় গীর্জা ব্যবহার খুবই সীমিত। অনেকেই গভীর আধ্যাত্মিক আকাঙ্ক্ষা নিয়ে বেঁচে আছেন, কিন্তু তাদের মাঝে খ্রিস্টের আলো এখনও স্পষ্টভাবে জ্বলে ওঠেনি।

ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট গীর্জা স্থাপন আন্দোলন ও মিশন নেটওয়ার্কগুলোর সঙ্গে একযোগে কাজ করে, যাতে সাহসী মিশনারি ও স্থানীয় বিশ্বাসীরা বিশ্বস্ততার সঙ্গে সুসমাচার শেয়ার করার সময় বিশ্বব্যাপী প্রার্থনার এক সুরক্ষাময় শক্তি ও সমর্থন লাভ করেন। আমরা বিশ্বাস করি প্রার্থনা দীর্ঘস্থায়ী সাফল্যের জন্য ভূমি প্রস্তুত করে!

### এই গাইডটি সম্পর্কে

**যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়** গাইডটি আপনাকে উপলব্ধি, সহমর্মিতা এবং বিশ্বাসের সঙ্গে প্রার্থনা করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। এই গাইডটিতে গুরুত্বপূর্ণ শব্দ, অঞ্চল ও জনগোষ্ঠীর পরিচয় তুলে ধরা হয়েছে; এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের মধ্যে যারা যীশুর সাক্ষাৎ পেয়েছেন তাদের বাস্তব জীবনের গল্প তুলে ধরা হয়েছে।

### ধন্যবাদ

আমরা আপনাকে স্বাগত জানাচ্ছি! - এই গাইডটি ব্যবহার করে, আপনি বিশ্বজুড়ে প্রায় ১০ কোটিরও বেশি বিশ্বাসীদের সঙ্গে যোগ দিচ্ছেন, যারা খ্রিস্টের আলো উদ্ভাসিত করে তোলার জন্য অবিরত সংগ্রাম করে চলেছেন - যাতে প্রতিটি মনুষ্য সম্প্রদায়ের মধ্যে যীশুর মহিমা প্রকাশিত হয়।







## যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়

বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

### সূচীপত্র

বৌদ্ধধর্ম কিভাবে শুরু হয়েছিল	০৪
বুদ্ধের শিক্ষা	০৫
বৌদ্ধধর্মের ৩ টি ধারা	০৬
১,০০০,০০০ এরও বেশি বৌদ্ধ জনসংখ্যা রয়েছে এমন দেশসমূহ	০৭
এই গাইডটি কিভাবে ব্যবহার করবেন	০৮
১ম দিন : সংখ্যাবৃদ্ধি   থিম্পু, ভুটান	০৯
২য় দিন : যুক্ত হওয়া   ভিয়েনতিয়েন, লাওস	১০
৩য় দিন: প্রভুত্ব   ব্যাংকক, থাইল্যান্ড	১১
৪র্থ দিন: সহানুভূতি   টোকিও, জাপান	১২
৫ম দিন: রূপান্তর   উত্তর-পূর্ব ভারত	১৩
৬ষ্ঠ দিন: অনুতাপ   ইয়াঙ্গুন, মায়ানমার	১৪
৭ম দিন: পাঠানো   লস অ্যাঞ্জেলেস, মার্কিন যুক্তরাষ্ট্র (প্রবাসী)	১৫
বি.প্রা.দি : প্রার্থনা   প্রভুত্ব	১৬
৫ দিনের বিশ্বব্যাপী প্রার্থনা	১৭
ঈশ্বরের বাণী প্রার্থনা – YouVersion অ্যাপ	১৮
আইনি তথ্য	১৯

“আমাকে ডাকো  
এবং আমি তোমার  
ডাকে সাড়া দেব।”

- জেরেমিয়া ৩৩:৩৭



## বৌদ্ধধর্ম কিভাবে শুরু হয়েছিল

খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে বর্তমান নেপালের দক্ষিণাঞ্চলে রাজপুত্র সিদ্ধার্থ গৌতমের জন্ম হয়। প্রচলিত লোককথা অনুযায়ী, একজন পবিত্র ব্যক্তি শিশুটির শরীরে কিছু চিহ্ন লক্ষ্য করেন এবং ভবিষ্যদ্বাণী করেছিলেন যে তিনি হয়ত একজন মহান রাজা হবেন, অথবা আধ্যাত্মিকভাবে জাগ্রত একজন গুরু। তাঁর বাবা, ঠিক করেছিলেন যে তার ছেলে রাজা হবে, সেইজন্য তিনি দুঃখ-কষ্ট এবং জীবনের কঠিন দিকগুলিকে আড়াল করে তাকে আরাম এবং সুবিধার মধ্যে বড় করে তোলেন।

২৯ বছর বয়সে, গৌতম প্রাসাদের বাইরের জগতের রোগ, বার্ষিক্য এবং মৃত্যুর মুখোমুখি হয়েছিলেন। দুঃখ-কষ্টে ভরা বাস্তব জীবন তাঁকে গভীরভাবে বিচলিত করে, তিনি তাঁর সুরক্ষিত জীবন ত্যাগ করেন এবং মানব অস্তিত্বের অর্থ অনুসন্ধানে ছয় বছর ধরে এক পরিব্রাজক তপস্বী হিসেবে জীবন কাটান। তিনি চরম আত্মসংযম ও ধ্যান অনুশীলন করেছিলেন, কিন্তু স্থায়ী কোনো উত্তর খুঁজে পাননি।

অবশেষে, তিনি একটি বোধি বৃক্ষের নীচে বসে দৃঢ় তপস্যা শুরু করেন, সংকল্প করেন যে পূর্ণ উপলব্ধি অর্জন না করা পর্যন্ত তিনি সেখান থেকে উঠবেন না। বৌদ্ধ ঐতিহ্য অনুযায়ী, তিনি প্রলোভন এবং বিভ্রান্তির প্রতিরোধ করে অধ্যবসায়ের সঙ্গে সাধনা চালিয়ে যান, যতক্ষণ না তিনি চূড়ান্ত সত্য উপলব্ধি করেছেন বলে বিশ্বাস করেন। সেই মুহূর্ত থেকে, তিনি “বুদ্ধ” নামে পরিচিত হন, যার অর্থ “যিনি জাগ্রত” বা “যিনি জ্ঞানদীপ্ত” এবং বাকি জীবন তিনি উৎসর্গ করেন অন্যদেরকে সেই পথ দেখাতে, যা তাঁর বিশ্বাস অনুযায়ী জীবনকে দুঃখের উদ্ভে নিয়ে যায়।

পরের পাতায়



# বৌদ্ধধর্ম

## বুদ্ধের শিক্ষা (যাকে ধর্ম\* বলা হয়)

জ্ঞানদীপ্ত হওয়ার পর, বুদ্ধ তাঁর সহসাধকদের কাছে তাঁর প্রথম উপদেশ প্রদান করেছিলেন। কোনো একটি স্রষ্টা ঈশ্বরের প্রতি আনুগত্যের পরিবর্তে, তিনি দুঃখকে বুঝতে পারা এবং তা থেকে মুক্তির পথ দেখিয়েছিলেন। তাঁর উপদেশের প্রধান কেন্দ্রবিন্দু ছিল “চারটি মহান সত্য”: জীবনের সঙ্গে দুঃখ জড়িত; দুঃখের কারণ হল আকাঙ্ক্ষা এবং অজ্ঞতা; দুঃখের অবসান হতে পারে; এবং আকাঙ্ক্ষা ও অজ্ঞতা দূর করার উপায় হল “মধ্যপন্থা” অনুসরণ, যা “অষ্টাঙ্গিক মার্গ” নামেও পরিচিত।

বুদ্ধের শিক্ষা অনুযায়ী, দুঃখের প্রধান কারণ হল ক্ষণস্থায়ী বিষয় বা জিনিসের প্রতি মোহ। এই আসক্তি মানুষকে জন্ম, মৃত্যু ও পুনর্জন্মের এক অবিরাম চক্রে আবদ্ধ করে রাখে, যেখানে স্থায়ী স্বভাব ধারণাকেও একটি মায়া বলে মনে করা হয়। শুধুমাত্র লোভ এবং অজ্ঞতা থেকে নিজেকে মুক্ত করতে পারলেই প্রকৃত মুক্তির লাভ সম্ভব।

বুদ্ধ শিক্ষা দিয়েছিলেন যে এই চক্র থেকে মুক্তির উপায় হল সুশৃঙ্খল জীবনযাপন যেখানে চরম ভোগবিলাস বা চরম আত্মত্যাগ কোনটাই থাকবে না। মধ্যপন্থা সঠিক উপলব্ধি, সঠিক অভিপ্রায়, সঠিক বাক্য, সঠিক কর্ম, সঠিক জীবনধারা, সঠিক প্রচেষ্টা, সঠিক মননশীলতা এবং সঠিক একাগ্রতার ওপর গুরুত্ব দেয়। এই অভ্যাসগুলির উদ্দেশ্য হল কামনা এবং দৃষ্টিভঙ্গির পুনর্গঠন।

বৌদ্ধধর্মের চূড়ান্ত লক্ষ্য কোন ব্যক্তিগত ঈশ্বরের সঙ্গে সংযোগসাধন নয়, বরং কামনার অবসান, যার মাধ্যমে দুঃখ-কষ্ট এবং পুনর্জন্মের চক্র থেকে মুক্তি পাওয়া যায়।



## আজকের দিনে বৌদ্ধধর্ম পালনের প্রকৃতরূপ

বিশ্বের অধিকাংশ জায়গায়, বৌদ্ধধর্ম কোন একটি নির্দিষ্ট বিশ্বাস নয় বরং একটি সাংস্কৃতিক পরিমন্ডল হিসাবে চর্চিত হয়। যা প্রায়শই পুরোনো রীতিনীতি, আচার-অনুষ্ঠান, দৈনন্দিন জীবনযাপন এবং সামাজিক মূল্যবোধকে প্রভাবিত করে। যার ফলে ব্যাপক আঞ্চলিক বৈচিত্র্য তৈরি হয়।

তিব্বতে, বৌদ্ধধর্ম চর্চার সঙ্গে প্রাচীন সামান্যবাদী ঐতিহ্যগুলি জড়িয়ে গেছে। থাইল্যান্ডে, সম্রাটসীরা তাদের ভিক্ষার পাত্রে খাদ্য বা পানীয়ের মতন দৈনন্দিন জিনিস গ্রহণ করতে পারেন, আবার ভূটানে ধুমপান নিষেধাজ্ঞাসহ কঠোর নৈতিক বিধি কার্যকর রয়েছে। নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি বিভিন্ন ধারায় ভিন্ন: কিছু ধারায় দীক্ষা গ্রহণ বা পবিত্র স্থানে প্রবেশে নিষেধাজ্ঞা আছে, আবার অন্য ধারায় সম্মানসূচীকরণের সম্পূর্ণ দীক্ষা দেওয়া হয়।

পশ্চিমের কিছু বৌদ্ধ চর্চায় পরিবেশ সচেতনতা গুরুত্বপূর্ণ বিষয় হলেও বেশিরভাগ ক্ষেত্রেই অন্যদের মধ্যে সেটা দেখা যায় না। অনেক সমাজে, পূর্বপুরুষদের প্রতি শ্রদ্ধা, আত্মিক আচার-অনুষ্ঠান এবং লোকধর্মের পাশাপাশি বৌদ্ধধর্ম পালিত হয়।

অধিকাংশ অনুসারীর ক্ষেত্রে, অনুশীলন আজ জ্ঞান বা পুণ্য সঞ্চয়ের উপর কেন্দ্রীভূত।

\* স্পষ্টতা ও ধারাবাহিকতার স্বার্থে,  
এই নির্দেশিকায় বৌদ্ধ ধারণাগুলোর জন্য সাধারণভাবে স্বীকৃত সংস্কৃত শব্দ ব্যবহার করা হয়েছে। বর্ণনামূলক বিভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপটে পর্যবেক্ষিত ঐতিহাসিক শিক্ষা ও সমসাময়িক অনুশীলনগুলিকে প্রতিফলিত করে।



# বৌদ্ধ ধর্মের তিনটি ধারা

## বৌদ্ধধর্মের তিনটি প্রধান ধারা রয়েছে: খেরবাদ, মহাযান এবং তিব্বতি বৌদ্ধধর্ম।

**খেরবাদ বৌদ্ধধর্ম:** এই ধারা বিকশিত হয়েছিল শ্রীলঙ্কায়, যেখানে প্রাথমিক শিক্ষাগুলি সংরক্ষিত হয়েছে এবং প্রাতিষ্ঠানিক রূপ পেয়েছে। এখানে গুরুত্ব দেওয়া হয় ব্যক্তিগত শৃঙ্খলা, ধ্যান এবং নৈতিক জীবনযাপন, যার মাধ্যমে জ্ঞানের আলো উদ্ভাসিত হয়। এই ধারা মিয়ানমার, থাইল্যান্ড, কম্বোডিয়া ও লাওসে প্রধানভাবে প্রচলিত।

**মহাযান বৌদ্ধধর্ম:** পরবর্তীকালে উদ্ভূত হয় এই ধারা এবং বুদ্ধকে নিয়ে লিখিত অতিরিক্ত কিছু গ্রন্থ সংযোজিত হয়। এটি শেখায় যে বোধিসত্ত্ব—একজন জ্ঞানদীপ্ত সত্তা—অন্যদের দুঃখ থেকে মুক্তি পেতে সাহায্য করার জন্য নিজের চূড়ান্ত মুক্তি বিলম্বিত করতে পারেন। সমস্ত সচেতন প্রাণীর প্রতি করুণা এই ধারার কেন্দ্রবিন্দু, যা ব্যাপকভাবে চীন, জাপান, ভিয়েতনাম এবং কোরিয়ান উপদ্বীপ জুড়ে ছড়িয়ে পড়েছে।

**তিব্বতি বৌদ্ধধর্ম:** ভারতীয় মহাযান ঐতিহ্য থেকে বিকশিত এই ধারায় আচার-অনুষ্ঠান, প্রতীক, জপ এবং দৃশ্যগত সাধনার ওপর জোর দেওয়া হয়। কাঠামোগত আধ্যাত্মিক অনুশীলন এবং স্বর্গীয় বোধিসত্ত্বদের প্রতি ভক্তির মাধ্যমে দ্রুত জ্ঞানলাভের পথ অনুসরণ করা হয়।

সাম্প্রতিক দশকগুলোতে, পশ্চিমের সমাজগুলিতে অনেকের কাছে বৌদ্ধধর্ম মূলত একটি ধর্মীয় অনুশীলনের চেয়ে ব্যক্তিগত সুস্থতা ও মানসিক শান্তির পথ হিসেবে পরিচিত হয়ে উঠেছে।

অনেকেই মানসিক চাপ কমাতে, আবেগ সামলাতে অথবা মনকে স্পষ্ট রাখতে ধ্যানের প্রতি আকৃষ্ট হন—এ ক্ষেত্রে কার্মা, পুনর্জন্ম বা আধ্যাত্মিক জ্ঞানলাভ সংক্রান্ত প্রচলিত বিশ্বাস সব সময় গুরুত্ব পায় না।।

কেউ কেউ এশীয় ঐতিহ্যে প্রশিক্ষিত গুরুদের পরিচালনায় কাঠামোগত পশ্চাদপসরণ, মননশীলতা প্রশিক্ষণ কর্মসূচি অথবা নির্দেশিত অনুশীলনের মাধ্যমে এতে অংশ নেন।

আবার কেউ কেউ মনোবিজ্ঞান বা স্ব-সহায়ক দর্শনের সঙ্গে বৌদ্ধ অনুশীলন মিলিয়ে একটি মিশ্র পদ্ধতি গ্রহণ করেন, যদিও তারা একই সঙ্গে একটি ধর্মনিরপেক্ষ জীবনযাপন ও পেশাগত কাজ চালিয়ে যান।



# ১০ লক্ষেরও বেশি বৌদ্ধ জনসংখ্যা রয়েছে এমন দেশসমূহ

দেশ	দেশের জনসংখ্যা ২০২৪	বৌদ্ধ জনসংখ্যা ২০২৪	শতকরা হার
চীন	১,৪২৫,০০০,০০০	২৩০,০০০,০০০	১৬.১%
জাপান	১২৩,৯০০,০০০	৬৯,৫০০,০০০	৫৬.১%
থাইল্যান্ড	৭১,৬০০,০০০	৬১,২০০,০০০	৮৫.৫%
ভিয়েতনাম	১০০,৩০০,০০০	৪৯,০০০,০০০	৪৮.৮%
মায়ানমার	৫৫,৩০০,০০০	৪১,২০০,০০০	৭৪.৫%
শ্রীলঙ্কা	২২,২০০,০০০	১৫,১০০,০০০	৬৮.০%
কম্বোডিয়া	১৭,১০০,০০০	১৪,৭০০,০০০	৮৬.০%
দক্ষিণ কোরিয়া	৫১,৬০০,০০০	১২,৮০০,০০০	২৪.৮%
ভারত	১,৪৩০,০০০,০০০	১০,২০০,০০০	০.৭%

দেশ	দেশের জনসংখ্যা ২০২৪	বৌদ্ধ জনসংখ্যা ২০২৪	শতকরা হার
তাইওয়ান	২৩,৫০০,০০০	৬,২০০,০০০	২৬.৪%
মার্কিন যুক্তরাষ্ট্র	৩৩৫,০০০,০০০	৪,৬০০,০০০	১.৪%
লাওস	৭,৭০০,০০০	৪,১০০,০০০	৫৩.২%
নেপাল	৩০,৫০০,০০০	৩,৯০০,০০০	১২.৮%
ইন্দোনেশিয়া	২৭৭,৫০০,০০০	২,৩০০,০০০	০.৮%
মঙ্গোলিয়া	৩,৫০০,০০০	২,০০০,০০০	৫৭.১%
মালয়েশিয়া	৩৩,১০০,০০০	১,৮০০,০০০	৫.৪%
বাংলাদেশ	১৭৩,০০০,০০০	১,৩০০,০০০	০.৮%
হং কং	৭,৫০০,০০০	১,২০০,০০০	১৬.০%

তথ্য সূত্র: টিউ এম. জনসন এবং ব্রায়ান জে. গ্রিম, সম্পাদক, বিশ্ব ধর্মীয় ডেটাবেস, (লেইডেন/বস্টন: ব্রিল),  
জাতিসংঘের জনসংখ্যার পূর্বাভাসের সাথে সামঞ্জস্যপূর্ণ জনসংখ্যার আপডেট (২০২৩-২০২৪) সহ





## এই গাইডটি কিভাবে ব্যবহার করবেন

এই প্রার্থনা গাইডটি হল একটি আমন্ত্রণ ধীরে চলার, গভীরভাবে প্রার্থনা করার, এবং এই প্রত্যাশা করার যে ঈশ্বর তাঁর কাজ করবেন - জাতিগুলি এবং আপনি উভয়ের ওপরেই। প্রতিটি দিন প্রার্থনা এবং মিশনকে একত্রিত করতে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে, যতক্ষণ না অন্ধকার এবং আকাঙ্ক্ষার স্থানগুলিতে খ্রিস্টের আলো উদ্ভাসিত হয়ে ওঠে।

প্রতিদিন শুরু করুন নির্ধারিত বিষয়বস্তু ও ধর্মগ্রন্থ সম্পর্কে চিন্তা করে। প্রার্থনার মনোভাব নিয়ে সেগুলো পড়ুন, পবিত্র আত্মাকে অনুরোধ করুন যেন তিনি ব্যক্তিগতভাবে আপনার সঙ্গে কথা বলেন। “তোমার বাক্য হল আমার পায়ের প্রদীপ এবং আমার পথচলার আলো” (সাম ১১৯:১০৫)। আপনার প্রার্থনাকে ঈশ্বরের বাণী দ্বারা পূর্ণ হতে দিন এবং আপনার হৃদয়কে তাঁর উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে দিন।

তারপর, বাস্তব জীবনের প্রতিবেদন বা সাক্ষাৎটি পড়ুন। এই গল্পগুলো বিমূর্ত নয় - এগুলি হল আজকের বৌদ্ধ প্রেক্ষাপটে সুসমাচার অনুসরণকারী বিশ্বাসীদের ত্যাগপূর্ণ ও বিশ্বস্ত আনুগত্যের প্রতিফলন। পড়ার সময়, ঈশ্বর যা করছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিন, এবং যেখানে এখনও চ্যালেঞ্জ রয়েছে সেখানে আরও বড় অগ্রগতির জন্য প্রার্থনা করুন।

আরও গভীরভাবে জানার জন্য QR কোডটি ব্যবহার করুন। সেখানে দেওয়া শহর, জনগোষ্ঠী এবং আধ্যাত্মিক বাস্তবতা যা তাদের দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে সেগুলি সম্পর্কে জানুন। উপলব্ধি যেন সহমর্মিতাকে জাগিয়ে তোলে, আর সহমর্মিতা যেন প্রার্থনাকে আরও গভীর তোলে করে।

প্রতিদিন একটি করে প্রয়োগমূলক প্রশ্নও আছে। এগুলিতে একটু সময় দিন। প্রভুকে জিজ্ঞাসা করুন তিনি কিভাবে আপনাকে সাড়া দেওয়ার আহ্বান জানাচ্ছেন - বিশ্বাস, আনুগত্য, উদারতা, সাহস অথবা নতুন করে ভক্তি করার মাধ্যমে। প্রার্থনা কখনই একমুখী হয় না। আমরা যখন জাতিদের জন্য নিজেদেরকে উজাড় করে দিই, তখন ঈশ্বর আমাদেরকেও রূপান্তরিত করেন। “যারা অন্যকে সতেজ করে, তারা নিজেরাও সতেজ হয়” (প্রোভার্বস ১১:২৫)।

আপনি চাইলে উপাসনা-গান দিয়ে দিনটি শেষ করতে পারেন - যেমন “লাইট অফ দ্য ওয়ার্ল্ড (গান হালেলুইয়া)”, “বিল্ড ইয়োর কিংডম হেয়ার”, বা “ওসানস্” গানগুলি যিশুর দিকে পুনরায় আপনার দৃষ্টি ফেরাতে সাহায্য করতে পারে।

প্রার্থনা করার সময়, এই প্রতিশ্রুতিতে বিশ্বাস রাখবেন: “আলো অন্ধকারে জ্বলে, এবং অন্ধকার তাকে পরাস্ত করতে পারেনি” (জান ১:৫)।





১ম দিন

১০ই ফেব্রুয়ারি

আজকের থিম:

সংখ্যাবৃদ্ধি

“নির্ভরযোগ্য লোকের ওপর বিশ্বাস অর্পণ করো  
যে অন্য লোকদেরও শিক্ষা দেওয়ার যোগ্য হবে।”

২ টিমোথি ২:২

ফোকাস করুন:

থিম্পু,  
ভুটান



‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## গির্জা বৃদ্ধির পথে বিশ্বাসের মূল্য

ভুটানে নতুন গির্জা স্থাপনের ক্ষেত্রে নতুন করে অগ্রগতির জন্য ঈশ্বরের প্রশংসা করুন। দেশের তিব্বতি বৌদ্ধ জনগোষ্ঠীর মধ্যে একটা সাধারণ যিশু-বিরোধী মনোভাব রয়েছে। সরকারি বিধিনিষেধের কারণে যেকোন দেশের বহিরাগতদের দোয়া জনগোষ্ঠীর মত কিছু প্রত্যন্ত সম্প্রদায়ের কাছে যাওয়া নিষিদ্ধ।

ঈশ্বরকে ধন্যবাদ দিন সম্প্রতি সাতজন দোয়া বিশ্বাসীর প্রশিক্ষণের জন্য, যারা পরবর্তীতে আরও ২০ জনেরও বেশি মানুষকে বিশ্বাসী করেছে। যদিও, প্রতিটি অগ্রগতির জন্য একটি মূল্য দিতে হয়েছে: একজকে বেশ কয়েকমাস জেলবন্দি থাকতে হয়েছে এবং প্রচুর টাকা জরিমানা না দেওয়া পর্যন্ত তিনি মুক্তি পাননি। অন্যান্য বিশ্বাসীরা হয়ত গোপনে বিশ্বাস করে কিন্তু ব্যাপ্তিজম এর জন্য এগিয়ে আসতে ভয় পায়। তারা সঠিকভাবেই বোঝে যে ব্যাপ্তিজম হল একটি পবিত্র অনুষ্ঠান যা খ্রিস্টের প্রতি আনুগত্য এবং তাঁকে অনুসরণ করে নতুন জীবনের সূচনা করে।

### চলুন প্রার্থনা করি

- প্রার্থনা করুন যারা স্থানীয় ভুটানি বিশ্বাসীদের প্রশিক্ষণ দিচ্ছেন তারা যেন এই প্রশিক্ষণার্থীদের দক্ষতা এবং বোধগম্যতাকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়ার সময় ধৈর্য্য ও স্থিরতা বজায় রাখেন। অনেক সময়ই, প্রশিক্ষণার্থীদের নতুন কিছু বোঝাতে প্রশিক্ষকদের একাধিকবার চেষ্টা করতে হয়।
- প্রার্থনা করুন নতুন বিশ্বাসীরা যেন বিশ্বস্ত অন্যদের প্রশিক্ষণ দিতে সক্ষম হয়, যারা পরবর্তীতে আবার অন্যদের প্রশিক্ষণ দিতে পারে।
- প্রার্থনা করুন ২ টিমোথি ২:২ পদটি যেন সত্যি সত্যিই বাস্তবায়িত হয়।
- প্রার্থনা করুন ভুটানি বিশ্বাসীরা যেন ভয়কে কাটিয়ে উঠতে পারে। যার মধ্যে রয়েছে সমাজচ্যুত হওয়ার ভয়, আর্থিক ক্ষতির ভয়, পরিবার থেকে বহিস্কৃত হওয়ার ভয় - এবং নানা ধরনের নিপীড়নের ভয়।

### প্রয়োগ

আপনি কি যিশু সম্পর্কে সত্যি খুঁজে  
বেড়াচ্ছে এমন কারো সঙ্গে দেখা করার  
জন্য তৈরি?

### তথ্য এবং পরিসংখ্যান:

ভুটানে ২,৪০০ দোয়া সম্প্রদায়ের মানুষ  
বসবাস করেন। তারা লোকপু ভাষায়  
কথা বলেন।

### অন্যান্য ধর্মগ্রন্থ

জেমস্ ১:১২

২য় দিন

## ১১ই ফেব্রুয়ারি

আজকের থিম:

### যুক্ত হওয়া

“ঈশ্বর একাকীদের পরিবারে স্থাপন করেন; তিনি বন্দীদের গান গাইতে গাইতে বের করে নিয়ে আসেন।”

সাম ৬৮:৬



ফোকাস করুন:

ভিয়েনতিয়েন,  
লাওস



‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## ভালোবাসা পরিবারকে নতুনভাবে সাজায়

যিশু তাঁর অনুসারীদের প্রতি সরাসরি নির্দেশ দিয়েছেন যে “একে অন্যকে ভালোবাসো”। খ্রিস্টানরা প্রথমে ঈশ্বরের ভালোবাসা অনুভব করে পরিবারের মধ্যে; হয় জন্মগত পরিবারে অথবা বিশ্বাসীদের পরিবারে। বিশ্বাসে বেড়ে ওঠার সঙ্গে সঙ্গে, তাদের পরিবারের প্রতি এবং তারপর বিশ্বাসীদের পরিবারের প্রতি তার ভালোবাসা বৃদ্ধি পায়। কেউ কেউ এর বাইরেও তার আশেপাশের সমাজের প্রতি ভালোবাসা প্রকাশ করে। এর বিপরীতে, বৌদ্ধধর্ম প্রধানত নিয়মিতভিত্তিক, এবং যারা বিশ্বাসে পরিণত হয়ে ওঠে আশা করা হয় যে তারা তাদের আকাঙ্ক্ষা এবং আবেগকে কমিয়ে ফেলবে। পরিবারের সদস্যরা কর্তব্য এবং দায়িত্বের

বন্ধনে সংযুক্ত থাকে।

বৌদ্ধ পটভূমি থেকে আসা খ্রিস্টানদের পরিবারের সদস্য, শিশু এবং বয়স্ক উভয়ের সঙ্গেই সম্পর্ক স্থাপনের নতুন পথ শিখতে হবে। দায়িত্বের প্রতি শ্রদ্ধা রেখেই এই নতুন সম্পর্কগুলোর ভিত্তি হল ভালোবাসা। এই নতুন প্রশিক্ষণ সামগ্রীর কেন্দ্রবিন্দু হল ভালোবাসা, এবং সেই ভালোবাসায় আমাদের সন্তানদের শিক্ষা ও প্রশিক্ষণ দেওয়া, যা বহু দেশের ব্যবহারের জন্য বিভিন্ন ভাষায় অনূদিত হচ্ছে।

### চলুন প্রার্থনা করি

- শিক্ষক এবং প্রশিক্ষকদের জন্য প্রার্থনা করুন। তাদের আধ্যাত্মিক, মানসিক এবং শারীরিক সুরক্ষার জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন যে তারা তাদের নিজস্ব জীবনে নীতিগুলি অনুশীলন করবে এবং তাদের সন্তান এবং স্বামী/স্ত্রীর সাথে তাদের সম্পর্ক দৃঢ় হবে।
- যারা এই প্রশিক্ষণ সামগ্রীগুলি অনুবাদ করছে সেইসব অনুবাদকদের জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন এইগুলি যেন বৌদ্ধ বিশ্বের অনেক দেশে নিরাপদে বিতরণ করা যায়।
- প্রার্থনা করুন গির্জা এবং বিশ্বাসী সমাজ যিশু অনুসারী শিষ্য তৈরি করার সময় যেন এই প্রশিক্ষণ সামগ্রীগুলি ব্যবহার করে।
- ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন খ্রিস্টান পরিবারগুলিকে শক্তিশালী করার মাধ্যমে তাঁর গির্জাগুলিকে শক্তিশালী করে তোলেন।

### প্রয়োগ

আপনার পারিবারিক সম্পর্ক কিভাবে গির্জার প্রতি খ্রিস্টের ভালোবাসাকে প্রতিফলিত করে?

### তথ্য এবং পরিসংখ্যান:

এখনও ৩,৭৭৬টি ভাষায় বাইবেল অনুবাদ করা হয়নি।

### অন্যান্য ধর্মগ্রন্থ

এফেসিয়ানস্ ৫:২৫-৩০



৩য় দিন

## ১২ই ফেব্রুয়ারি

আজকের থিম:

### প্রভুত্ব

“স্বর্গ ও পৃথিবীর সমস্ত কর্তৃত্ব আমাকে দেওয়া হয়েছে।”

ম্যাথিউ ২৮:১৮

ফোকাস করুন:

ব্যাকক,  
থাইল্যান্ড

‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## যিশু একাই যথেষ্ট

বেশিরভাগ ঈশাই সম্প্রদায়ের মানুষ গভীরভাবে বিশ্বাস করে যে, একটি একক বিশ্বাস ব্যবস্থার প্রতি আনুগত্য প্রকাশের চেয়ে অনেক ধর্মীয় ব্যবস্থার শক্তি অর্জন করা ভালো। একাধিক দেবতা এবং শক্তির উৎসের কাছে মাথা নত করা অনেক মানুষের জীবনের বৈশিষ্ট্য। বিশেষ করে পুরুষরা বিভিন্ন তাবিজ-কবচের মালা পরে থাকে, এবং সেখানে যিশুর ক্রুশ যুক্ত করে নেওয়া খুবই স্বাভাবিক। প্রায়শই, সহজ সুসমাচারের ব্যাখ্যা শোনার পর প্রথম প্রশ্নটা হল, ‘আমি কি একইসঙ্গে বৌদ্ধ এবং খ্রিস্টান হতে পারি?’

উত্তর-পূর্ব থাইল্যান্ডের বৌদ্ধধর্মে এই মিশ্র বিশ্বাস ও শক্তির উৎসগুলোর সময়ই নতুন বিশ্বাসীদের শিষ্যত্ব গ্রহণে প্রধান কেন্দ্রবিন্দু এবং বড় বাধা। বৌদ্ধ পটভূমির এই নতুন বিশ্বাসীরা যখন আনুগত্যের প্রথম ধাপে পা রাখে, তখন তাদের মনে সংশয় জাগে যে হয়ত যিশু যথেষ্ট নয়, এবং তাদের কিছু অতিরিক্ত মূর্তি রেখে দেওয়া উচিত, যদি কোনো পরিস্থিতি যিশু সামলাতে না পারেন। স্বতন্ত্র দাবি যেমন “স্বর্গ এবং

মর্ত্যের সমস্ত শক্তি যিশুকে দেওয়া হয়েছে...” হল বিশ্বাস এবং আনুগত্যে বেড়ে ওঠার একটি অপরিহার্য প্রথম পদক্ষেপ।

একজন খ্রিস্টান এক স্থানীয় বৌদ্ধের সঙ্গে মেকং নদীর ধারে দৌড়াছিলেন। তিনি বুদ্ধ মন্দিরের পাশ দিয়ে যাওয়ার সময় বৌদ্ধ ব্যক্তিটি তার হাতের তালু মাথার উপরে তুলে ধরলেন (পবিত্র বস্তুর উদ্দেশ্যে ঐতিহ্যবাহী ‘ওয়াই’ ভঙ্গি)। তারপর তিনি চীনা পূর্বপুরুষ মন্দিরের প্রতি, এবং তারপর পাতালের প্রাচীন দেবতা পায়ান নাকা (সাত-মাথাওয়ালা নাগা সাপ)-এর প্রতি শ্রদ্ধা জানালেন। পরে, আমরা একটা বড় গাছের পাশ দিয়ে যাচ্ছিলাম যার চারপাশে পবিত্র কাপড় জড়ানো ছিল। বিশ্বাস করা হয় যে ওই গাছটিতে ভূমির আত্মা বাস করে এবং তাকে শ্রদ্ধা জানানো উচিত। আমরা পরিক্রমা শেষ করলাম, এবং তিনি ক্যাথলিক গির্জার দিকে ওয়াই (ঐতিহ্যবাহী থাই অভিবাদন ভঙ্গি) করলেন।

আমি তাকে জিজ্ঞাসা করলাম যে, তার জীবনের জন্য প্রকৃত সাহায্য কোথা থেকে আসবে তা নিয়ে সে কি বিভ্রান্ত, কারণ সে একাধিক, পরস্পরবিরোধী বিশ্বাস ব্যবস্থার প্রতি শ্রদ্ধা দেখিয়েছিল। প্রথমটি শুনে তাকে বিভ্রান্ত বলে মনে হল। তার ধারণায়, পাঁচটির চেয়ে দশটি শক্তির উৎস জীবনকে আরও বেশি সমৃদ্ধ তোলে, এবং একটি একক বিশ্বাস ব্যবস্থা সহজাতভাবেই দুর্বল এবং কম নিশ্চিত।

### চলুন প্রার্থনা করি

- বৌদ্ধ পটভূমি থেকে আসা ঈশাই সম্প্রদায়ের নতুন বিশ্বাসীদের জ্ঞানের জন্য প্রার্থনা করুন যে তারা যেন বুঝতে পারেন এই জীবন ও অনন্তকালের জন্য তাঁর লোকদের পরিচালনা ও যত্ন নেওয়ার ক্ষেত্রে খ্রিস্ট সম্পূর্ণভাবে যথেষ্ট।
- খ্রিস্টের প্রমাণ প্রদানকারী শক্তির সাক্ষাতের জন্য প্রার্থনা করুন। প্রায় প্রতিটি বৌদ্ধ পটভূমির বিশ্বাসীর জীবনে ঐশ্বরিক আরোপ্য, ভূত-তাদারোঁ বা খ্রিস্টের শক্তির অন্য কোনও উল্লেখযোগ্য প্রদর্শনের গল্প রয়েছে।
- প্রার্থনা করুন যেন মানুষ ঈশ্বরের প্রতিমূর্তি, খ্রিস্টের মহিমাময় সুসমাচারের আলো দেখতে পায় (২ করিন্থিয়ানস ৪:৩-৪)।

### প্রয়োগ

আপনি কি বিশ্বাস করেন আপনার জীবনে যে সমস্ত বাধা এবং সমস্যা আসে তার জন্য ঈশ্বরের শক্তির যথেষ্ট?

### তথ্য এবং পরিসংখ্যান:

উত্তর-পূর্ব থাই ভাষায় নিউ টেস্টামেন্ট উপলভ্য হয়েছে।

### অন্যান্য ধর্মগ্রন্থ

লিউক ১০:১৯; ২ করি. ৪:৩-৪

৪র্থ দিন

## ১৩ই ফেব্রুয়ারি

আজকের থিম:

### সহানুভূতি

“আমার কাছে এসো, তোমরা যারা ক্লান্ত এবং ভারাক্রান্ত, আমি তোমাদের বিশ্রাম দেব।”

ম্যাথিউ ১১:২৮



ফোকাস করুন:

টোকিও,  
জাপান

‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## সহানুভূতি বন্ধ হৃদয় খুলে দেয়

একাধিক অসুখের কারণে রিকাকো-র হাঁটাচলা করতে বা নড়াচড়া করতেও সমস্যা হত। একদিন, তার শারীরিক অবস্থা একটু ভাল হওয়ায়, সে সাহস সঞ্চয় করে গির্জা-সংস্পৃষ্ট একটি ক্যাফেতে দুপুরের খাবার খেতে গেল। টাকা দেওয়ার সময়, ক্যাফের ম্যানেজার তাকে জিজ্ঞাসা করলেন তার শারীরিক অবস্থার জন্য প্রার্থনা করলে আপত্তি আছে কি না। যদিও রিকাকো কখনও এই ধরনের অভিজ্ঞতার সম্মুখীন হননি, তিনি রাজি হন। প্রার্থনার পর, রিকাকো বুঝতে পেরেছিল যে প্রার্থনা করার সময় ম্যানেজার কান্দছিল। এটা রিকাকোকে গভীরভাবে স্পর্শ করেছিল, এবং এখান থেকে একটা বন্ধুত্বের শুরু হয়েছিল।

রিকাকো কয়েকমাস পর সেই ক্যাফেতে আবার যায়, এবং ক্যাফের ম্যানেজার তাকে একটি শান্তবাক্য বলে: “তোমরা যারা পরিশ্রান্ত এবং ভারাক্রান্ত, আমার কাছে এসো এবং আমি তোমাদের বিশ্রাম দেব।” রিকাকো উদ্বুদ্ধ হয় এবং অনুভব করে যে এই কথাগুলি যেন তার জন্যই। তারপর ক্যাফে ম্যানেজার তাকে একটি জাপানি অডিও বাইবেল দেন। কয়েক বছর ধরে, তারা আরও নিয়মিত দেখা করে, এবং ম্যানেজার ইমেলের মাধ্যমেও রিকাকোর সঙ্গে তার শিক্ষা শেয়ার করেন। এখন তার শারীরিক অসুস্থতা চলা সত্ত্বেও সে যিশুর একজন প্রাণবন্ত প্রত্যক্ষদর্শী। প্রতিটি পরিস্থিতিতে জ্ঞানের জন্য সে পবিত্র আত্মার উপর নির্ভর করে।

### চলুন প্রার্থনা করি

- ঈশ্বরকে ধন্যবাদ দিন সেইসব বিশ্বাসীদের জন্য যারা তাদের রোজকার জীবনে যিশুকে প্রত্যক্ষ করে। ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন তাদের জ্ঞান ও প্রজ্ঞা দেন যাতে তারা বুঝতে পারে কিভাবে এবং কি শেয়ার করবে।
- প্রার্থনা করুন সেইসব মিনিস্ট্রিগুলি যারা অস্বাভাবিক বা প্রত্যন্ত স্থানে অংশ নিচ্ছে তারা যেন যিশুর সহানুভূতি দেখতে পায় এবং অনুভব করতে পারে। প্রার্থনা করুন যেন যত্নশীল খ্রিস্টানদের মাধ্যমে ঈশ্বরের ভালোবাসা ছড়িয়ে পড়ে।
- জাপানের পাদ্রীদের জন্য প্রার্থনা করুন তারা যেন “গির্জা=পাদ্রীর সাম্রাজ্য” এই মানসিকতা থেকে মুক্ত হতে পারে। এটি স্থানীয় এবং দেশের বাকি গির্জাগুলোর মধ্যে ঐক্য স্থাপনে বাধা হয়ে দাঁড়িয়েছে।
- জাপানি বিশ্বাসীদের জন্য প্রার্থনা করুন, বিশেষ করে বয়স্ক প্রজন্মের জন্য, যাতে তারা ব্যক্তিগতভাবে যিশুর সাক্ষাৎ পায় এবং তাঁর সম্পর্কে উৎসাহিত হয়ে ওঠে।

### প্রয়োগ

আপনার আশেপাশে যেসব মানুষ কষ্টে আছেন তাদের প্রতি যিশুর সমবেদনা অনুভব করার জন্য আপনি কি উন্মুক্ত?

### তথ্য এবং পরিসংখ্যান:

জাপান, যেখানে ১% খ্রিস্টান রয়েছে, এটি সবচেয়ে কম পৌঁছানো দেশগুলোর মধ্যে একটি।

### অন্যান্য ধর্মগ্রন্থ

ম্যাথিউ ১১:২৮-৩০;

ম্যাথিউ ১৪:১৪



৫ম দিন

## ১৪ই ফেব্রুয়ারি

আজকের থিম:

### রূপান্তর

“তাদের পা কতই না সুন্দর যারা পাহাড়ের উপর  
সুসমাচার বয়ে নিয়ে আসে।”

ইশাইয়া ৫২:৭



ফোকাস করুন:

উত্তর-পূর্ব ভারত



‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## আসক্তি থেকে আশ্বাসের দিকে

চীন সীমান্তের কাছে অবস্থিত, অরুণাচল প্রদেশ রাজ্যের মিশমি সম্প্রদায়ের একজন লোক সাক্ষ্য দিয়েছেন, যে কিভাবে ঈশ্বর তার জীবন রূপান্তরিত করেছেন। “খ্রিস্ট-কে জানার আগে, আমি ভ্রাগ এবং মদে গভীরভাবে ডুবে ছিলাম। আমার জীবন ভেঙে পড়েছিল এবং আমি ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছিলাম। বেখলিয়ে থেকে আসা একজন যাজকের কাছে সুসমাচার শোনার পর থেকে সবকিছু বদলে যেতে শুরু করে। তার বার্তা আমার হৃদয় স্পর্শ করেছিল এবং আমাকে বুঝিয়েছিল যে যিশু আমাকে নতুন জীবন দিতে পারে।

তারপর, আমি গোশেন মিনিষ্ট্রির একজন প্রশিক্ষকের সঙ্গে দেখা করি যিনি সময় নিয়ে আমাকে শিষ্য করেছিলেন। তিনি আমাকে ‘ফোর ফিল্ডস’ গির্জা-স্থাপনের পদ্ধতিতে প্রশিক্ষণ দেন, যা আমাকে শুধু বিশ্বাসে নয়, পরিচর্যাও বেড়ে উঠতে সাহায্য করেছে। এখন, ঈশ্বরের কৃপায়, আমি একজন নতুন মানুষ। আমি সক্রিয়ভাবে আমার সাক্ষ্য এবং সুসমাচার মিশমি মানুষদের সঙ্গে শেয়ার করি। ঈশ্বর আমাকে আমার নিজের সম্প্রদায়ের মধ্যে গির্জা স্থাপনকারী হিসাবে আহ্বান করেছেন। প্রভুর সেবা করে যে আমার মতন অন্যের জীবনও রূপান্তরিত হচ্ছে এটা দেখাই আমার আনন্দ।”

### চলুন প্রার্থনা করি

- এই দূরবর্তী জনগোষ্ঠীগুলির কাছে পৌঁছানোর জন্য প্রার্থনা করুন। ভৌগোলিক বিচ্ছিন্নতার কারণে এখানে সুসমাচার খুবই কম পৌঁছেছে। বাসিন্দা নয় এমন কেউ এই রাজ্যে যাওয়ার জন্য রেস্ট্রিক্টেড এরিয়া পারমিট নিতে হয়, তা সে বিদেশী বা ভারতীয় নাগরিক যেই হোক না কেন। সড়কপথে সেখানে পৌঁছাতে অনেক সময় লাগে, এবং গাড়ি ভাড়া করা খুবই ব্যয়বহুল।
- বর্তমানে, আশেপাশের রাজ্যগুলি থেকে কয়েকটি গির্জা স্থাপনকারী দল সেখানে যাচ্ছে এবং প্রতিদিন কাজ করছে। ২০২৫ সালে মিশমিদের একটি দলের কাছ থেকে ভালো সাড়া পাওয়া গেছে।
- প্রার্থনা করুন নতুন বিশ্বাসীরা যেন যিশুর সংবাদ বন্ধুবান্ধব এবং পরিবারের সদস্যদের কাছে পৌঁছে দেয়।

### প্রয়োগ

আপনি কি নিজের রাজ্য বা জেলার  
দূরবর্তী স্থানগুলিতে পৌঁছানোর  
ব্যাপারে প্রার্থনা করেছেন?

### তথ্য এবং পরিসংখ্যান:

মিশমি সম্প্রদায়ের মধ্যে খ্রিস্টানদের  
সংখ্যা ৫%-এরও কম।

### অন্যান্য ধর্মগ্রন্থ

ইশাইয়া ৫৫:১২-১৩

৬ষ্ঠ দিন

১৫ই ফেব্রুয়ারি

আজকের থিম:

অনুতাপ

“যদি আমার লোকেরা, যাদেরকে আমার নামে ডাকা হয়, তারা নিজেদেরকে বিনীত করে প্রার্থনা করে... তবে আমি স্বর্গ থেকে শুনব।”

২ ক্রিনিকেলস্ ৭:১৪

ফোকাস করুন:

ইয়াঙ্গুন,  
মায়ানমার

‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



## প্রত্যয় গির্জাকে জাগিয়ে তোলে

একটি সম্পূর্ণ নারী সদস্যের শিষ্য দলে, নোরা প্রস্তাব দিয়েছিলেন যে এই দলের এখন একসঙ্গে একটি কমিউনিয়ন (প্রভুর ভোজ) উদযাপন করার সময় এসেছে। সম্প্রতি, চারজন মহিলা বিশ্বাসে এসেছিলেন, এবং তিনজন ব্যাপ্টিস্ট হয়েছিলেন বা খ্রিস্টান ধর্ম গ্রহণ করেছিলেন। মাই-ইউ পারিবারিক চাপের কারণে ব্যাপ্টিজম নিতে দেরি করছিলেন এবং অন্য দুইজনের বয়োজ্যেষ্ঠ আত্মীয় ছিলেন। অন্য তিনজন এই উৎসবে যোগদান করার জন্য উৎসাহিত ছিলেন।

মহিলারা তাদের সাপ্তাহিক ঈশ্বরের বাণী অধ্যয়নের দিনটিতে একত্রিত হলেন, এবং কমিউনিয়নের সমস্ত উপকরণ প্রস্তুত করে রাখলেন। যখন তারা কমিউনিয়ন উদযাপন শুরু করলেন, তখন টিন উইন নামে একজন যুবক, সেই ঘরে ঢুকলেন। তাকেই তিনি বুঝতে পারলেন, এখানে কি হচ্ছে। টিন উইন কারেন সম্প্রদায়ের একজন মানুষ এবং গির্জার সঙ্গে

তাদের দীর্ঘ পারিবারিক ইতিহাস রয়েছে, যদিও বর্তমানে কাজ আর মদ্যপানেই তার সময় কেটে যাচ্ছে। লজ্জিত হয়ে, টিন উইন বললেন যে তিনি অংশ নিতে পারবেন না কারণ তার নিজের পাপের জন্য গির্জা তাকে নিষেধাজ্ঞা দিয়েছে। তাকে দোষী সাব্যস্ত করা হয়েছিল কারণ এই নতুন বিশ্বাসীরা গ্রহণ করতে প্রস্তুত ছিল, অথচ তিনি ছিলেন না। তার বৌদ্ধ প্রতিবেশীরা যিশুর সাথে সম্পর্ক গড়ার পথে এগিয়ে যাচ্ছিলেন কারণ একজন প্রবাসী মহিলা ধারাবাহিকভাবে ভোলাবাসার মধ্যে দিয়ে এই নারীদেরকে প্রভু যিশুর প্রতি প্রকৃত বিশ্বাস এবং সম্পর্কের দিকে নিয়ে আসছিলেন। এখন টিন উইন তার জীবন পরিবর্তন করতে চান, মদ্যপান বন্ধ করতে চান এবং একজন ধর্মপ্রচারক হতে চান।

এই ছোট দলের এই ঘটনাটি মায়ানমারের জন্য আমাদের কি প্রার্থনা করা প্রয়োজন সে বিষয়ে একটি বৃহত্তর চিত্র তুলে ধরে। জনসংখ্যার ৬ শতাংশ হল খ্রিস্টান, যেখানে মূল বৌদ্ধ সম্প্রদায়, বামার, রাখাইন এবং মোন, এখনও স্থানীয় গির্জাগুলোর সচেতন সাক্ষ্যের বাইরে রয়ে গেছে।

### চলুন প্রার্থনা করি

- প্রার্থনা করুন মায়ানমারের গির্জাগুলি সংখ্যাগরিষ্ঠ বৌদ্ধ বামার, রাখাইন ও মোন জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর জন্য যেন ঈশ্বর তাদের হৃদয়ে একটি স্পষ্ট দর্শন দেন। ঈশ্বরকে ধন্যবাদ দিন যে কিছু মিনিস্ট্রি মূল বৌদ্ধ জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর জন্য মনোনিবেশ করেছে যারা ফল দেখতে পাচ্ছে। প্রার্থনা করুন তারা যেন এমন নেতা তৈরি করতে সফল হন যারা আবার অন্য নেতাদের প্রশিক্ষণ দিতে সক্ষম যতক্ষণ না পর্যন্ত মায়ানমারের বামার জনগোষ্ঠীর প্রতিটি প্রান্তে একটি করে গির্জা স্থাপিত হয়।
- প্রার্থনা করুন যে এই শিষ্যত্ব দলের মহিলারা যেন তাদের বর্ধিত পরিবারের কাছে কার্যকরভাবে পৌঁছাতে পারে। প্রার্থনা করুন যে টিন উইন তার নতুন বিশ্বাসের উপর কাজ করবেন, এবং একইভাবে, মায়ানমার জুড়ে গির্জাগুলি জাগ্রত হবে এবং সেখানকার সমস্ত মানুষের কাছে পৌঁছাবে।

### প্রয়োগ

আপনি যদি অভিজ্ঞ বিশ্বাসী হন, তাহলে কি আপনি সভা পরিচালনা করবেন? আপনি যদি নতুন বিশ্বাসী হন, তাহলে কি আপনি অন্য বিশ্বাসীদের সঙ্গে এতে অংশ নেন?

### তথ্য এবং পরিসংখ্যান:

মায়ানমার-এ জনসংখ্যার ৮০% বৌদ্ধ যার মধ্যে ৫৫টি জনগোষ্ঠীর কাছে এখনও পৌঁছানো যায়নি।

### অন্যান্য ধর্মগ্রন্থ

১ ক্রিস্টিয়ানস্ ১১:২৮-২৯;  
যাখারিয়া ১:৩



৭ম দিন

## ১৬ই ফেব্রুয়ারি

আজকের থিম:

### পাঠানো

"তাহলে, তারা যাকে বিশ্বাস করে না, কিভাবে তাঁকে ডাকবে?"

রোমানস্ ১০:১৪



ফোকাস করুন:

লস অ্যাঞ্জেলেস,  
মার্কিন যুক্তরাষ্ট্র (প্রবাসী)



'যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়' প্রার্থনা গাইড



## বিশ্বাসীরা বিচ্ছিন্ন - মতুন করে আত্মবান

একজন খ্রিস্টান মহিলা তার বৌদ্ধ জন্মভূমিতে বসবাস করার সময় একজন ধর্মপ্রচারক হিসেবে এক শক্তিশালী প্রতিভা অর্জন করেছিলেন। এক বছর, তিনি ক্যাম্পাস ক্রুসেডে কাজ করেছিলেন এবং ১৫০ জনেরও বেশি শিক্ষার্থীকে খ্রিস্টের দিকে নিয়ে এসেছিলেন।

প্রায় ৩৫ বছর আগে, তিনি একটি পশ্চিমের দেশে অভিবাসন করার সিদ্ধান্ত নেন। তিনি কঠোর পরিশ্রম করেন, একজন ব্যবসায়ী হয়ে ওঠেন, এবং নাগরিকত্ব লাভ করেন। এই সময়ে তার নিজের দেশের মানুষের সঙ্গে খুব কম যোগাযোগ ছিল।

অবসর গ্রহণের কাছাকাছি সময়ে, এই মহিলা তার কাজের সময় কমিয়ে দেন। একই সময়ে, তার ব্যবসায় তিনি তার নিজের দেশ থেকে কিছু কর্মী নিয়োগ করেন। তরুণ কর্মীদের সাথে সুসমাচার শেয়ার করার মাধ্যমে একজন ধর্মপ্রচারক হিসেবে তার প্রতিভা ফিরে আসে। এখন তিনি তার নতুন দেশে ৪০-৫০জন অনুসারীদের একটি প্রাণবন্ত দল তৈরি করেছেন।

লস অ্যাঞ্জেলেস বৌদ্ধ প্রবাসীদের জন্য বিশ্বের বৃহত্তম শহর।

### চলুন প্রার্থনা করি

- ঈশ্বরকে ধন্যবাদ যে তাঁর উপহার এবং আহ্বান আমাদের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে আমাদের সাথে থাকে।  
(রোমানস্ ১১:২৯)
- বৌদ্ধ পটভূমি থেকে আসা খ্রিস্টান প্রবাসীদের জন্য প্রার্থনা করুন তারা যেন যেখানে বসবাস করেন সেখানে তাদের বন্ধু এবং সহকর্মীদের সঙ্গে সুসমাচার শেয়ার করতে পারেন।
- ঈশ্বরকে বলুন তিনি যেন খ্রিস্টানদের দৃষ্টি উন্মুক্ত করেন যাতে তারা তাদের চারপাশে থাকা অসংখ্য বৌদ্ধ মানুষ যারা এখনও সুসমাচার শোনেনি তাদের প্রতি মনোযোগ দেয়।

### প্রয়োগ

আপনার কি এমন কোন বন্ধু এবং পরিচিতজন আছেন যিনি সম্প্রতি সুসমাচার শোনেনি?

### তথ্য এবং পরিসংখ্যান:

লস অ্যাঞ্জেলেস মেট্রো এলাকায় ২৩৪,০০০জন বৌদ্ধ বাস করেন।

### অন্যান্য ধর্মগ্রন্থ

রোমানস্ ১১:২৯;  
রোমানস্ ১০:১৪-১৫

বি.প্রা.দি.

১৭ই ফেব্রুয়ারি

আজকের থিম:

প্রভুত্ব

“পুত্র হলেন অদৃশ্য ঈশ্বরের প্রতিমূর্তি, সমস্ত সৃষ্টির মধ্যে প্রথমজাত।”

কলোসিয়ানস্ ১:১৫



## বৌদ্ধ মানুষদের জন্য বিশ্ব প্রার্থনা দিবস

১৭ই ফেব্রুয়ারি বৌদ্ধ ধর্মাবলম্বীদের জন্য বিশ্বব্যাপী প্রার্থনা দিবস প্রস্তুতির সময়, আসুন আমরা সমগ্র চীনজুড়ে বসবাসকারী সর্ববৃহৎ বৌদ্ধ জনগোষ্ঠীর জন্য প্রার্থনা করি।

স্বর্গীয় পিতা, আমরা জানি যে আপনি “জিন” (金) এবং চীনের বেইজিং-এ কর্মরত গির্জা স্থাপনকারী দলগুলিকে ভালোবাসেন। আজ তাদের সেবা করার জন্য এবং রাস্তায় প্রার্থনা করার সময় তাদের শক্তি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ, কার হৃদয় এবং কার ঘর আপনার জন্য উন্মুক্ত থাকবে তা তাদেরকে দেখানোর জন্য অনুরোধ করছি।

কলোসিয়ানস্ ১:১৫-১৭ -তে লেখা আপনার বাণী অনুযায়ী, আমরা জানি, যিশু, তুমিই অদৃশ্য ঈশ্বরের দৃশ্যমান প্রতিমূর্তি। স্বর্গ এবং মর্ত্যে সমস্ত কিছু তৈরি হয়েছে তোমার মাধ্যমে এবং তোমার জন্য, এবং তুমিই সমস্ত সৃষ্টিকে একত্রে ধরে রেখেছ। আমরা এই আত্মবিশ্বাসের সাথে প্রার্থনা করি, এটা জেনে যে তুমি “জিন” (金) এবং তাদের দলের আগে আগে চলেছো। আমরা প্রার্থনা করি আজ তুমি তাদের উপরে তোমার অনুগ্রহ বর্ষণ করো, যিশুর নামে, আমেন।

চীনের বেইজিং-এ বর্তমানে বিশ্বের সর্ববৃহৎ বৌদ্ধ ধর্মাবলম্বী মানুষ বসবাস করে।

বিশ্বব্যাপী প্রার্থনা দিবস অনলাইনে শুরু হবে মঙ্গলবার, ১৭ই ফেব্রুয়ারি ২০২৬, বেইজিং সময় রাত ০১:০০ টায় (UTC+8)

আরও তথ্য, অনলাইন মিটিং লিঙ্ক এবং উপকরণ পাওয়া যাবে [www.110cities.com](http://www.110cities.com) -এ



ফোকাস করুন:

বেজিং,  
চীন



‘যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়’ প্রার্থনা গাইড



• 2026 •

# 5 GLOBAL DAYS OF *Prayer*

Worldwide Worship & Prayers for Gospel  
Movements, Revival & Transformation

**February 17th**

Global Day of Prayer  
for Buddhist Peoples  
(Lunar New Year)



**March 16th**

Global Day of Prayer  
for Muslim Peoples  
(Night of Power)

**November 8th**

Global Day of Prayer  
for Hindu Peoples  
(Diwali)

**May 24th**

Global Day of Prayer for  
the Worldwide Church  
(Pentecost)

**September 21st**

Global Day of Prayer  
for Jewish Peoples  
(Day of Atonement)

[www.110cities.com](http://www.110cities.com)

# ঈশ্বরের বাণী প্রার্থনা

## বিশ্বের জন্য ৩৬৫ দিনের গাইড

বিশ্বব্যাপী এক প্রার্থনা আন্দোলনে যোগ দিন:

ব্যবসায়িক নেতৃবৃন্দ, গির্জা প্রতিষ্ঠাকারী, বাইবেল  
অনুবাদক, মহিলা নেত্রীবৃন্দ, শিশুদের মন্ত্রণালয়ের নেতা  
এবং আন্দোলনের নেতাদের সঙ্গে — যখন তারা বিশ্বের  
অপ্রাপ্ত ১১০টি গेटওয়ে শহরে তাঁর নাম ঘোষণা করছে।

iOS ও Android প্ল্যাটফর্মে YouVersion Bible  
অ্যাপ-এ সাইন আপ করুন।



এখানে সাইন আপ করুন







# যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়

বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

প্রকাশনা এবং সহযোগিতায়:

110  
Cities

206  
2 BILLION CHILDREN

finishing  
the task

24:14



YouVersion

IPC প্রতি বছর পাঁচটি প্রার্থনা গাইডের বিষয়বস্তু রচনা করে এবং প্রকাশনা করে। প্রতিটি গাইড ৩০টি ভাষায় অনূদিত হয় এবং সারা বিশ্বের পাঠনার মিনিস্ট্রিগুলি ও ব্যক্তিগত পাঠকদের জন্য উপলভ্য করা হয়। ১০ কোটিরও বেশি যিশু অনুসারী এই বিনামূল্যের উপকরণগুলো ব্যবহার করার অঙ্গীকার করেছেন।

এই উপকরণটি ইন্টারন্যাশনাল প্রেয়ার কান্টেক্ট (IPC) কর্তৃক রচিত ও প্রকাশিত। অ-বাণিজ্যিক প্রার্থনা, শিক্ষা এবং মন্ত্রণালয় কার্যক্রমের জন্য এটি অর্থাৎ শেয়ার ও বিতরণ করা যেতে পারে। তবে এই বিষয়বস্তুর কোনো অংশ বাণিজ্যিক উদ্দেশ্যে পুনর্মুদ্রণ, রূপান্তর বা ব্যবহার করতে চাইলে অনুগ্রহ করে অনুমতির জন্য IPC-এর সাথে যোগাযোগ করুন।

এই নির্দেশিকায় উল্লিখিত কোনো বাণিজ্যিক ওয়েবসাইট বা তৃতীয়-পক্ষীয় উৎসের বিষয়বস্তু বা তথ্যের যথার্থতার জন্য ইন্টারন্যাশনাল প্রেয়ার কান্টেক্ট (IPC) দায়ী নয়।

ব্যক্তির গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার জন্য নাম এবং কিছু শব্দভাষ্য তথ্য পরিবর্তন করা হয়েছে।

এই উপকরণে ব্যবহৃত সকল চিত্রিত চরিত্র কেবল ব্যাখ্যাগত উদ্দেশ্যে সৃষ্ট কাল্পনিক

উপস্থাপনা। এগুলো কোনো ব্যক্তিকে নির্দেশ করে না। জীবিত বা মৃত কোনো ব্যক্তির সঙ্গে সাদৃশ্য সম্পূর্ণভাবে কাকতালীয়।

পবিত্র বাইবেলের উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে The Holy Bible, New International Version® থেকে।  
কপিরাইট © ১৯৭৩, ১৯৭৮, ১৯৮৪, ২০১১ — Biblica, Inc.™  
অনুমতিক্রমে ব্যবহৃত। সর্বস্বত্ব সংরক্ষিত।

ইন্টারন্যাশনাল প্রেয়ার কান্টেক্ট (IPC), যা ইন্টারন্যাশনাল প্রেয়ার কাউন্সিল নামেও পরিচিত, যুক্তরাষ্ট্রে নিবন্ধিত একটি 501(c)(3) অ-লাভজনক সংস্থা। নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা:  
313 E Wiser Lake Rd,  
Lynden, WA 98264,  
USA

[www.ipcprayer.org](http://www.ipcprayer.org)





# যতক্ষণ না আলো উদ্ভাসিত হয়

বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

আমাদের বৌদ্ধ প্রতিবেশীদের জন্য প্রার্থনায় সমগ্র বিশ্বের খ্রিস্টানদের সঙ্গে যোগ দিন



110 Cities

